36

দৈনিক সংবাদ

তারিখ 23 JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৭

# জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা কার্যকর করার আহ্বান

(জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা কার্যকর করার দাবিতে গতকাল রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্রঐক্যের এক সভা অনুষ্ঠিত হয়।

ছাত্র সংসদ ভবনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ছাত্রদল নেতা আবদুল মালেক হাওলাদার এবং বক্তৃতা করেন ছাত্রনেতা রবিউল হোসেন খালেদ আশরাফ বাবু, তোফাজ্জল হোসেন, মোস্তফা দীপু প্রমুখ।

গত ২রা নভেম্বর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা দেন। কিন্তু আজ পর্যন্ত উক্ত ঘোষণা বাস্তবায়িত হয়নি। ছাত্রঐক্য অজ্ঞাত কারণে দীর্ঘদিনের অভিজ্ঞ শিক্ষকদের বদলি করার তীব্র নিন্দা জানিয়েছে।